

প্রেস বিজ্ঞপ্তি  
০৫ ফেব্রুয়ারি ২০২৪

সিলেট আঞ্চলিক কেন্দ্রে মতবিনিময় সভা

বাউবির বহুমুখী শিক্ষা স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ভূমিকা রাখছে

উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার


বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় সবার জন্য উন্মুক্ত, কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষার মাধ্যমে সমাজের প্রান্তিক পর্যায় পর্যন্ত জনগোষ্ঠীকে দক্ষ, কর্মক্ষম ও স্বাবলম্বী হিসেবে গড়ে তুলছে যা মাননীয় প্রধানমন্ত্রীর রূপকল্প ২০৪১ এবং টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে ভূমিকা রাখছে। মাননীয় প্রধানমন্ত্রীর অঙ্গিকার ‘স্মার্ট বাংলাদেশ’ গড়তে হলে স্মার্ট নাগরিক হতে হবে, স্মার্ট নাগরিক হতে হলে তথ্যপ্রযুক্তি নির্ভর বহুমুখী শিক্ষার বিকল্প নেই, বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার ০৫ ফেব্রুয়ারি ২০২৪ সোমবার বাউবির সিলেট আঞ্চলিক কেন্দ্রে কর্মকর্তা কর্মচারীদের সাথে মত বিনিময় কালে এসব কথা বলেন।



সিলেট আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তা কর্মচারীদের সাথে মত বিনিময় কালে উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

স্মার্ট নাগরিক গড়ে তোলার জন্য বাউবি সারা দেশে ১২ আঞ্চলিক কেন্দ্র, ৮০ টি উপ-আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে মাধ্যমিক থেকে পিএইচডি পর্যন্ত একাডেমিক কার্যক্রম পরিচালনা করছে। এছাড়াও বাউবি দেশের বাইরে বহিঃবাংলাদেশ (নিশ-২) শিক্ষা প্রোগ্রাম চালু করেছে যার মাধ্যমে প্রবাসে অবস্থানরত বাংলাদেশী বংশোদ্ভূত ও রেমিটেন্স যোদ্ধারা সেখানে বসে লেখাপড়া করতে পারছে। দেশের বাইরে সুযোগ বঞ্চিত জনগোষ্ঠীর কথা চিন্তা করে মধ্যপ্রাচ্যসহ বিশ্বের বিভিন্ন দেশে বসবাসরত বাংলাদেশী কর্মীদের কর্মক্ষেত্রে দক্ষতাবৃদ্ধি, শিক্ষা সুবিধা বিস্তরণে এ উদ্যোগ গ্রহণ করেছে।

সিলেট অঞ্চলের মানুষ ইউরোপ মুখী হওয়ায় লন্ডনে সিলেটের একটি বড় কমিউনিটি তৈরি হয়েছে, যারা সেখানে ব্যবসা, চাকরি এবং রাজনীতিতে যুক্ত হয়েছেন। এই বিশাল জনগোষ্ঠীর মধ্যে যারা সময় ও সুযোগের অভাবে প্রাতিষ্ঠানিক শিক্ষা গ্রহণ করতে পারেননি তাদের জন্য লন্ডনে বাউবির একাডেমিক কার্যক্রম চালু করার কথা উল্লেখ করেন উপাচার্য। তিনি কর্মমুখী শিক্ষার অংশ হিসেবে এবং খাদ্যে স্বনির্ভরতা অর্জনের জন্য ফুড প্রসেসিং বিষয়ে একাডেমিক প্রোগ্রাম চালুর কথাও ব্যক্ত করেন। তিনি আরো বলেন, “সিলেট অঞ্চলের কওমি মাদরাসার শিক্ষার্থীদের কাছে উন্মুক্ত ও দূরশিক্ষণের মাধ্যমে আধুনিক যুগোপযোগী বৃত্তিমূলক শিক্ষার আলো পৌঁছানো হবে”। তিনি বাউবির সিলেট আঞ্চলিক কেন্দ্র এবং উপ-আঞ্চলিক কেন্দ্রের সকল কর্মকর্তা ও কর্মচারীকে বাউবির মানসম্মত-কর্মমুখী শিক্ষা বিস্তারে নিষ্ঠার সাথে একযোগে কাজ করার আহবান জানান। সিলেট আঞ্চলিক কেন্দ্রের আঞ্চলিক পরিচালক জনাব মো: খালেদুজ্জামান খান এর সভাপতিত্বে মতবিনিময় সভায় হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ এবং ছাতক উপ-আঞ্চলিক কেন্দ্রের প্রধানগণসহ আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তা কর্মচারীগণ উপস্থিত ছিলেন। উপাচার্য মহোদয় সিলেট আঞ্চলিক কেন্দ্রে একটি স্মারক বৃক্ষরোপন করেন।



ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)

বাউবির দিক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা